



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দোহার পৌরসভা কার্যালয়

জয়পাড়া, দোহার, ঢাকা
www.doharmunicipality.gov.bd



স্মারক নং- ৪৬.৬০.২৬১৮.২০১.৭০.০২৫.২৪-৪০০

তারিখ : ০৩/০৭/২০২৪

ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তি, নবায়ন ও পদোন্নতির বিজ্ঞপ্তি :

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ সালের জন্য দোহার পৌরসভা এবং দোহার পৌরসভাধীন ও অন্যান্য প্রকল্প সমূহের কাজের ঠিকাদার ও সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তি, নবায়ন ও যোগ্যতা অনুযায়ী শ্রেণী উন্নয়নের নিমিত্তে অত্র প্রতিষ্ঠানের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন পত্রের সহিত প্রশাসক, দোহার পৌরসভার অনুকূলে নগদ তালিকাভুক্তি ফি / নবায়ন ফি/ শ্রেণী উন্নয়ন ফি জমা দিতে হবে। উল্লেখ্য, নবায়ন করার পর শ্রেণী উন্নয়নের ফি জমা প্রদান করতঃ রশিদসহ প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়া, আত্রহী সকল ঠিকাদার/ সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিম্ন নির্ধারিত তারিখের মধ্যে নতুন তালিকাভুক্তি ও নবায়নের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরমের ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান পূর্বক আবেদন ফরম গ্রহন করতে হবে।

নতুন ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তির ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ

- ১। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ২। আয়কর সার্টিফিকেট সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
- ৪। মূল্য সংযোজন কর নিবন্ধন সার্টিফিকেট (অত্র সাথে সংযুক্ত করতে হবে)।
- ৫। ২০২৪-২০২৫ইং অর্থ বছরের ট্রেড লাইসেন্সের ফটোকপি।
- ৬। যে কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক সচ্ছলতা সার্টিফিকেট।
- ৭। পৌরসভার কর্মকর্তা/কর্মচারী তার ব্যবসায় অংশীদার নেই মর্মে হলফনামা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট গেজেটের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।
- ৮। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকানা সম্পর্কিত ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কোর্টের/নোটারী পাবলিক হতে এফিডেভিড এর কপি।
- ৯। অংশীদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদার রেজিস্টার্ড চুক্তিনামা।
- ১০। প্রতিষ্ঠান/ ঠিকাদারের নিজস্ব যন্ত্রপাতি ও যানবাহন অথবা যে সমস্ত যন্ত্রপাতি ভাড়া করতে সক্ষম তার তালিকা সংযুক্ত করতে হবে।
- ১১। দোহার পৌর কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

ক্রমিক নং	লাইসেন্স এর শ্রেণী	নতুন তালিকাভুক্তি ফি (অফেরৎযোগ্য)	নবায়ন ফি (অফেরৎযোগ্য)	শ্রেণী উন্নয়ন ফি (অফেরৎযোগ্য)	জরিমানা ব্যতীত তালিকাভুক্তি / নবায়নের শেষ তারিখ	৫০% জরিমানাসহ তালিকাভুক্তি / নবায়নের শেষ তারিখ	১০০% জরিমানা সহ তালিকাভুক্তি /নবায়নের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	সাধারণ শ্রেণী	৫,০০০.০০	২,০০০.০০	৫,০০০.০০	১৫-১১-২০২৪	৩০-১১-২০২৪	৩০-১২-২০২৪

* উল্লেখ্য যে, প্রত্যেক ফি'র সাথে ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। নির্বাহী প্রকৌশলী, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।
- ০২। উপজেলা প্রকৌশলী, দোহার উপজেলা, ঢাকা।
- ০৩। পৌর নিবাহী কর্মকর্তা, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।
- ০৪। সহকারী প্রকৌশলী, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।
- ০৫। হিসাব রক্ষন কর্মকর্তা, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।
- ০৬। উপ-সহকারী প্রকৌশলী (সকল), দোহার পৌরসভা, দোহার, ঢাকা।
- ০৭। সম্পাদক.....।
- ০৮। The Editor.....।
- ০৯। নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।

০৩.০৭.২৪

ইলোরা ইয়াসমিন
প্রশাসক
দোহার পৌরসভা ঢাকা।

উপরোক্ত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে আপনার পত্রিকার ভিতরের পাতায় (সর্বোচ্চ ১০ ফুটের মধ্যে) প্রচারের জন্য অনুরোধ করা হলো।